

Subject - 2nd Language Bengali

Class –VI

Chapter – 2

Answer key

গদ্য:- 'রামতনু লাহিড়ী' – শিবনাথ শাস্ত্রী

১। শব্দার্থ :-

মহাত্মা - মহান আত্মা

ফিরিস্তী - ভারতীয় ও ইউরোপীয়ের সংমিশ্রণে উৎপন্ন বর্ণসংকর জাতি।

স্থাপন - প্রতিষ্ঠা

শৈশবে - ছেলেবেলায়

স্বীয় জ্যেষ্ঠ - নিজের জ্যেষ্ঠা

অগ্রে - সামনে

সহোদর - ভাই

বৃদ্ধাবস্থাতে - বৃদ্ধ অবস্থায়

পাপাসক্ত- পাপে আসক্ত

যাপন - কাটানো

২। সন্ধি বিচ্ছেদ :-

স্বর্গারোহণ - স্বর্গ + আরোহণ

পাপাসক্ত - পাপ + আসক্ত

অত্যন্ত - অতি + অন্ত

পুরুষানুক্রমে - পুরুষ + অনুক্রমে

বৃদ্ধাবস্থাতে - বৃদ্ধ + অবস্থাতে

৩। বিপরীতার্থক শব্দ : -

বৃদ্ধ - বৃদ্ধা

অগ্রে - পশ্চাতে

গরিব - বড়লোক

৪। লিঙ্গান্তর :-

সাহেব- মেম

রাজা- রানি

পুত্র- কন্যা

৫। পদ পরিবর্তন :-

শৈশব- শিশু

অনুরাগ- অনুরাগী

চরিত্র- চারিত্রিক

৬। ক) না

খ) হ্যাঁ

গ) না

৭। ক) ব্রাহ্মণ, কৃষ্ণনগরে

খ) বৃদ্ধাবস্থাতে, নানাস্থানে

গ) সাধুতা, বর্ণনা

৮। ক) উ:- ডেভিড হেয়ার নামে একজন স্কটল্যান্ডদেশীয় লোক কলকাতাতে
ঘড়ির ব্যবসা করতেন।

খ) উ:- ১৮১৮ কি ১৮১৯ খ্রিস্টাব্দে স্কুল সোসাইটি প্রতিষ্ঠিত হয়েছিল।

গ) উ:- ডেভিড হেয়ার পালঙ্কিতে করে যাতায়াত করতেন।

ঘ) উ:- রামতনু লাহিড়ী কৃষ্ণনগরে ১৮১৩ খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন।

৯। ক) উ :- ইংরেজ শাসনের শুরুতে দেশে একটিও ভালো ইংরেজি স্কুল ছিল না।
কলকাতাতে ফিরিঙ্গী সাহেবরা দুই-একজন দুই-একটি স্কুল করে
ছেলেদের একটু ইংরেজি পড়তে ও বলতে শেখাতেন, আর কলকাতার
কাছাকাছি শ্রীরামপুর শহরে কয়েকজন খ্রিস্টান মিশনারি সাহেব
ছিলেন, তাঁরা দু-একটি স্কুল করে একটু ইংরেজি শেখাতেন। তখনকার
গভর্নমেন্ট এদেশের লোককে ইংরেজি শেখানো প্রয়োজনীয় মনে

করতেন না। কিন্তু দেশের লোক ইংরেজি শেখার জন্য পাগল ছিল।

খ) উ:- তখনকার গভর্নমেন্ট এ দেশের লোককে ইংরেজি শেখানো প্রয়োজন মনে করতেন না। তাঁরা সংস্কৃত, আরবি ও পারসি প্রভৃতি শেখাবার চেষ্টা করতেন এবং সেজন্য সংস্কৃত কলেজ ও মাদ্রাসা স্থাপন করেছিলেন।

গ) উ:- ডেভিড হেয়ার রাজা রামমোহন রায়ের সঙ্গে মিলে পরামর্শ করেছিলেন যে, এ দেশের লোককে ইংরেজি শেখাতে হবে। প্রধানত হেয়ার সাহেবের উদ্যোগে ১৮১৮ কি ১৮১৯ খ্রিস্টাব্দে স্কুল সোসাইটি নামে একটি সভা স্থাপিত হয়েছিল। এর উদ্দেশ্য ছিল কলকাতার ভিন্ন ভিন্ন স্থানে ইংরেজি স্কুল স্থাপন করা।